# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

নাখলা যুদ্ধের ফলাফল (نتيجة سرية نخلة)

নাখলা অভিযানের ফলে কুরায়েশদের মধ্যে ভীতির সঞ্চার হয়। তারা নিশ্চিত হয় যে, অবশেষে তাদের আশংকাই সত্যে পরিণত হ’তে যাচ্ছে এবং মদীনা এখন তাদের জন্য বিপদসংকুল এলাকায় পরিণত হয়েছে। তারা এটাও বুঝে নিল যে, যেকোন সময় মুহাজিরগণ মক্কা আক্রমণ করতে পারে। কিন্তু এতদসত্ত্বেও তাদের হঠকারিতা ও উদ্ধত আচরণ থেকে তারা বিরত হ’ল না। তারা সন্ধির পথে না গিয়ে যুদ্ধের পথ বেছে নিল এবং মদীনায় হামলা করে মুসলমানদের নিশ্চিহ্ন করে ফেলার উদ্দেশ্যে বদর যুদ্ধে রওয়ানা হওয়ার সিদ্ধান্ত নিল। নাখলা যুদ্ধে আমর ইবনুল হাযরামী হত্যার প্রতিশোধ নেওয়াটা ছিল একটি অজুহাত মাত্র।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5391

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন